



জঙ্গল সলিমপুরে সন্ত্রাসীদের ঠাঁই হবে না: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

চট্টগ্রামের সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুর এলাকায় সন্ত্রাসী কার্যক্রমের কোনো সুযোগ রাখা হবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, একসময় এলাকাটি দুর্বৃত্তদের নিয়ন্ত্রণে চলে গিয়ে আলাদা এক আতঙ্কের জনপদে পরিণত হয়েছিল। তবে বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর দ্রুত অভিযান চালিয়ে সেই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে।

রোববার (৩১ মে) সকালে জঙ্গল সলিমপুর পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, এলাকাটিকে ঘিরে সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনা রয়েছে। এর অংশ হিসেবে সেখানে নতুন কারাগার নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে এবং খুব শিগগিরই কাজ শুরু হবে।

তিনি আরও বলেন, এলাকায় যারা অবৈধভাবে দখল করে আছে তাদের তালিকা প্রস্তুত করা হয়েছে। তবে তাত্ক্ষণিক উচ্ছেদের সিদ্ধান্ত নেওয়া হয়নি। যাচাই-বাছাই শেষে প্রয়োজন অনুযায়ী পুনর্বাসনের ব্যবস্থাও করা হতে পারে।